

**রাজস্থানের জয়সলমেরে প্রি-বাজেট বৈঠকে অর্থমন্ত্রী  
স্বশাসিত জেলা পরিষদের অবকাঠামো উন্নয়নের জন্য ৫০০  
কোটি টাকার বিশেষ আর্থিক প্যাকেজ প্রদানের অনুরোধ**



অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ রাজস্থানের জয়সলমেরে অনুষ্ঠিত প্রি-বাজেট বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে অর্থমন্ত্রীর সাথে ছিলেন অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকিঞ্চন সরকার। বৈঠকে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের প্রতি উত্তর-পূর্ব রাজ্যগুলোর উন্নয়নে তাদের ধারাবাহিক সহায়তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে ত্রিপুরায় অর্জিত গুরুত্বপূর্ণ উন্নতির কথা তুলে ধরেন এবং ত্রিপুরা রাজ্যের আরও দ্রুত উন্নয়নের জন্য ভারত সরকারের কাছে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপন করেন।

বৈঠকে অর্থমন্ত্রী ত্রিপুরায় সাম্প্রতিক বন্যায় সৃষ্ট ক্ষয়ক্ষতির মোকাবিলার জন্য জাতীয় প্রাকৃতিক বিপর্যয় তহবিলের (National Disaster Response Fund) অবশিষ্ট অর্থ ১৪,২৪৭ কোটি টাকা দ্রুত প্রদান করার জন্য ভারত সরকারকে অনুরোধ জানান। ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের অবকাঠামো উন্নয়নের জন্য ৫০০ কোটি টাকার একটি বিশেষ আর্থিক প্যাকেজ প্রদানের জন্যও অনুরোধ করেন।

তাছাড়াও বৈঠকে অর্থমন্ত্রী ত্রিপুরায় এইমস, আইআইটি এবং আইআইএম স্থাপনের জন্য ভারত সরকারকে অনুরোধ করেন, যা সুপার-স্পেশালিটি চিকিৎসার চাহিদা পূরণ করবে এবং ত্রিপুরার জনগণকে মর্যাদাপূর্ণ শিক্ষার সুযোগ প্রদান করবে। তাছাড়াও, এক্সটার্নালি এইডেড প্রজেক্টসের উপর ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত আরোপিত সীমাবদ্ধতা অপসারণের জন্যও অনুরোধ করেন। পাশাপাশি, মূলধনী বিনিয়োগের জন্য রাজ্যগুলিকে বিশেষ সহায়তা প্রদানের স্কিমের আওতায় বরাদ্দ বাড়ানোর এবং শর্তাবলী অপসারণের জন্য অনুরোধ জানানো হয়।